


সমকাল

বুয়েট ছাত্রলীগ সভাপতি-সম্পাদকের কক্ষ সিলগালা

১৬ ঘণ্টা আগে | Updated ১৪ ঘণ্টা আগে

সমকাল প্রতিবেদক



বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ছাত্র রাজনীতি নিষিদ্ধ করার পর বুয়েট শাখা ছাত্রলীগের সভাপতি জামি উস সানি ও সাধারণ সম্পাদক মেহেদী হাসান রাসেলের কক্ষ সিলগালা করে দিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

সভাপতি জামি উস সানি বুয়েটের আহসান উল্লাহ হলের ৩২১ নম্বর রুমে এবং সাধারণ সম্পাদক মেহেদী হাসান রাসেল শেরে বাংলা হলের ৩০১২ রুমে থাকতেন।

বুয়েটের ছাত্র কল্যাণ পরিদপ্তরের পরিচালক (ডিএসডব্লিউ) অধ্যাপক মিজানুর রহমান শনিবার নিজে গিয়ে এসব রুম সিলগালা করেন। আবরার ফাহাদ হত্যা মামলায় ইতোমধ্যে রাসেল প্রেফতার হয়েছেন।

এর আগে বুয়েটের হলগুলো থেকে সিট দখলদারিত্ব উচ্ছেদ ও সাংগঠনিক ছাত্র সংগঠনগুলোর অফিস সিলগালা করার নির্দেশনা জারি করে কর্তৃপক্ষ।